



অভিবাসী ভিসা আবেদনকারীদের মেডিকেল পরীক্ষা করানোর নির্দেশাবলী যুক্তরাষ্ট্র দূতাবাস
ঢাকা, বাংলাদেশ
কনসুলার শাখা
মাদানী এভিনিউ, বারিধারা
ঢাকা - ১২১২, বাংলাদেশ

ভিসা পাওয়ার আগে প্রত্যেক অভিবাসী আবেদনকারীকে দূতাবাসের অনুমোদিত চিকিৎসক দ্বারা স্বাস্থ্যগতভাবে অভিবাসনের উপযুক্ত বলে ঘোষিত হতে হবে। স্বাস্থ্যগতভাবে উপযুক্ততার এইসব কাগজ-পত্র যুক্তরাষ্ট্রের পোর্ট অফ এন্ট্রি বা প্রবেশ পথে অবশ্যই দেখাতে হবে।

প্রত্যেক অভিবাসীকে ভিসা সাক্ষাৎকারের আগে অবশ্যই নিজ দায়িত্বে স্বাস্থ্য পরীক্ষার জন্য ডাক্তারের কাছ থেকে সাক্ষাৎকারের সময় নিতে হবে। এর অর্থ এই যে, প্রধান আবেদনকারী মহিলা বা পুরুষকে দূতাবাসে তার ভিসার সাক্ষাৎকারের কমপক্ষে তিন সপ্তাহ আগে অনুমোদিত চিকিৎসকের কাছে পরিবারের সদস্যদের নিয়ে যেতে হবে। এতে করে সংশ্লিষ্ট চিকিৎসক আপনার সাক্ষাৎকারের আগে ডাক্তারি পরীক্ষার রিপোর্ট জমা দেয়ার মতো পর্যাপ্ত সময় হাতে পাবেন।

ডাক্তারি পরীক্ষার সময় সকল আবেদনকারীকে তাদের পাসপোর্ট, চার কপি ছবি (ছবি অবশ্যই রঙিন হতে হবে, সাদা পটভূমিতে তোলা হতে হবে, চশমা পড়া যাবে না), ডিএস-২৬০ কনফার্মেশনের পাতা, টিকার কার্ড (যদি থেকে থাকে) এবং সাক্ষাৎকারের চিঠি/ই-মেইলের কপি অবশ্যই সাথে নিতে হবে। যুক্তরাষ্ট্র দূতাবাসের অনুমোদিত চিকিৎসকের তালিকা নিচে দেয়া হলো। আপনি আপনার ইচ্ছামত তাদের যে কোন একজনকে দিয়ে আপনার ডাক্তারি পরীক্ষা করাতে পারেন।

গ্রীন ক্রিসেন্ট হেল্থ সার্ভিসেস	ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম)	ওয়াহাব মেডিকেল প্র্যাকটিস
ঢাকা বাড়ি নং ৬০, রোড – পার্ক রোড (মার্কিন দূতাবাসের উত্তর দিকে), বারিধারা ডিপ্লোমেটিক জোন, ঢাকা ১২১২, বাংলাদেশ টেলিফোন: ৮৮-০২-২২২২৬২৩৮৪, ৫৮৮১৭৩৩৫ মোবাইল: ০১৭৪২৩৮৮৮৫৪, ০১৩১৫৮৪৮০৫৫ ফ্যাক্স: ৮৮-০২-৪৮৮১১৬৪৮ ইমেইল: gchsmmed@gmail.com ওয়েবসাইট: www.greencrescentmedicalbd.com , www.roadmapgreencrescent.com	ঢাকা ১ম এবং নীচ তলা, বাড়ী নং - ১৩/এ, রোড নং - ১৩৬, গুলশান - ১, ঢাকা ১২১২, বাংলাদেশ মোবাইল: ০১৭৭৭৭৬১৩০৯, ০১৭১৩৪৮১৭৯৮ ইমেইল: dhakaha@iom.int	ঢাকা রোড নং - ১২, বাড়ি নং - ৩, বারিধারা ডিপ্লোমেটিক জোন, ঢাকা ১২১২, বাংলাদেশ টেলিফোন: ৮৮-০২-৫৮৮১৪৬৭১, ৫৮৮১৪৬৭২, ৫৮৮১৪৬৭৩ মোবাইল: ০১৮১৭২৪৩২৭৯, ০১৭৭৮৬৩০৬৭৭ ফ্যাক্স : ৮৮-০২-৬০৬৯ ইমেইল: wahab@agni.com
গ্রীন ক্রিসেন্ট মেডিক্যাল ডায়াগনস্টিক	মাইগ্রেশন হেল্থ এসেসমেন্ট ক্লিনিক	গ্রীন ক্রিসেন্ট মেডিল্যাব
চট্টগ্রাম বাড়ি নং - ১৫/২, রোড নং - ৪, খুলশি হিল, চট্টগ্রাম, বাংলাদেশ মোবাইল: ০১৭৮৬৫৫৩৩৭৭, ০১৭৯৬১৯৯৬৩৮ ফোন: +(৮৮)(০৩১)৬৫৬৫২৪, ৬৫৬৪৮১ ইমেইল: doctors@greencrescentmedical.com ওয়েবসাইট: www.greencrescentmedicaldiagnostic.com www.roadmapgreencrescent.com	সিলেট মেডি-এইড হার্ট সেন্টার, দক্ষিণ দরগা গেট (মিনারের নিকটে), দরগা মহল্লা, সিলেট - ৩১০০, বাংলাদেশ মোবাইল: ০৮২১৭২৫০৫৬ ০১৭৭৭৭৬১৩০৯ ইমেইল: dhakaha@iom.int	সিলেট টাইম স্কোয়ার ভবন, শিবগঞ্জ উপশহর, সোনাপাড়া, সিলেট, বাংলাদেশ ফোন: ০২৯৯-৬৬৪১৬০১, ০২৯৯-৬৬৪১৬০২ মোবাইল: ০১৭৪২৫৬৪৪৩২, ০১৩১৫৮৪৭৭৭৯ ইমেইল: gcmllabsylhet@gmail.com ওয়েবসাইট: www.greencrescentmedilab.com

অবশ্যই ডাক্তারি পরীক্ষার ফি আপনাকেই দিতে হবে - দূতাবাস এই অর্থ আপনাকে কোনভাবে ফেরত দিবে না। ডাক্তার তার নেয়া ফিসের একটি রশিদ আপনাকে দিবেন। ১৫ বছর বা তার বেশি বয়সের আবেদনকারীদের জন্য ডাক্তারি পরীক্ষার ফি হচ্ছে ৭৮৬৫ টাকা। এবং ১৫ বছরের কমবয়সী শিশুদের জন্য ৩০২৫ টাকা + ২২৪০ টাকা (শুধুমাত্র যখন গনোরিয়া পরীক্ষার প্রয়োজন হয়) + ২ থেকে ১৪.৯৯ বয়সের শিশুদের জন্য ৭৫০০ টাকা (IGRA পরীক্ষার খরচ)। ০ থেকে ১.৯৯ বয়সের শিশুদের ক্ষেত্রে IGRA পরীক্ষা শুধু মাত্র প্রয়োজন হলেই করা হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, যদি বাড়তি টিকাদানের দরকার হয়, তাহলে ডাক্তারি পরীক্ষার খরচ বেড়ে যাবে। আপনার শরীরে যক্ষা বা অন্যান্য সংক্রামক ব্যাধির অস্তিত্ব পরীক্ষা করার জন্য আপনাকে ল্যাবরেটরিতে আরো কিছু পরীক্ষা করাতে হতে পারে। আপনার ডাক্তারি পরীক্ষার পাঁচ দিনের মধ্যে এই সকল টেস্টের জন্য উপস্থিত না হলে আপনার কেস প্রসেস করতে অতিরিক্ত এক বছর সময় লাগতে পারে।

যদি বাড়তি TB পরীক্ষার প্রয়োজন হয় তবে জন প্রতি ১৪০০০ টাকা বেশি খরচ পড়বে।

সকল অভিবাসীকে সংক্রামক রোগনাশক টিকা অবশ্যই নিতে হবে। এই সব টিকা অনুমোদিত চিকিৎসকের কাছে পাওয়া যাবে এবং এগুলির এক একটির ব্যয় এক এক রকম। বিরল দুই একটি ক্ষেত্রে এই সব টিকার কারণে অনাকাঙ্ক্ষিত পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে। আপনি চিকিৎসকের কাছে এই সব টিকার সুফল ও ঝুঁকি সম্পর্কে জেনে নিবেন।

অনুমোদিত প্যানেল চিকিৎসকরা আপনার মেডিকেল পরীক্ষার ফলাফল সরাসরি কনসুলার শাখায় পাঠিয়ে দেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আপনি দূতাবাসে আপনার সাক্ষাৎকারের নির্দিষ্ট তারিখের কম পক্ষে **বিশ দিন** আগে ডাক্তারের সাথে সাক্ষাৎ করবেন। সাক্ষাৎকারের দিন যে সব আবেদনকারীর ডাক্তারি পরীক্ষার চূড়ান্ত রিপোর্ট দূতাবাসে এসে পৌঁছাবে না তাদের সাক্ষাৎকার নেয়া হবে না।

মেডিকেল পরীক্ষা সম্পূর্ণ হওয়ার পর, আবেদনকারীর অবশ্যই তাদের টিকার কার্ড এবং এক্স-রে সিডি ডাক্তারের থেকে সংগ্রহ করে নিতে হবে।

যদি কারো ডাক্তারি পরীক্ষার মেয়াদ উত্তীর্ণ হয়, তাহলে কোন আবেদনকারীকেই যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে দেয়া হয় না। আপনার ডাক্তারি পরীক্ষার তারিখ থেকে ঠিক ৬ মাস আপনার অভিবাসন ভিসার মেয়াদ বলবৎ থাকবে। যেমন, যদি আপনার ডাক্তারি পরীক্ষা ২০১৮ সালের ১৫ই নভেম্বর তারিখে করিয়ে থাকেন, এবং যদি ০১ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের মধ্যে আপনার ভিসা ইস্যু না হয়ে থাকে, তাহলেও আপনাকে দেয়া ভিসার মেয়াদ ২০১৯ সালের ১৪ই মে শেষ হয়ে যাবে। ভিসা পাওয়ার পর কত দ্রুত আপনি যুক্তরাষ্ট্রে যাওয়ার পরিকল্পনা করছেন তার ওপর নির্ভর করবে আপনার মেডিকেল পরীক্ষার রিপোর্ট হাল নাগাদ করাতে হবে কি না।